

প্রকাশ : মঙ্গলবার, ৩ নভেম্বর, ২০১৫ ০০:০০ টা
আপলোড : ২ নভেম্বর, ২০১৫ ২৩:৩৭

প্রিন্ট ভার্সন

Share

প্রিন্ট করুন 

দখলে অযত্নে বিপন্ন মিরপুরের ৬০ ফুট খাল

আকতারুজ্জামান

গড় রেটিং: 0/5 (0 টি ভোট গৃহিত হয়েছে)



ছবি : রোহিত রাজীব

দখল, দীর্ঘদিন সংস্কার না হওয়া, খনন কাজ না করাসহ বিভিন্ন কারণে হারিয়ে যেতে বসেছে মিরপুরের ৬০ ফুট খাল (বাউনিয়া খাল)। মিরপুর ১৪ নং সেকশন থেকে গোড়ান চটবাড়ি পর্যন্ত এ খালের বিস্তৃতি। ঢাকা উত্তর সিটি করপোরেশনের মেয়র আনিসুল হক সম্প্রতি খালটি পরিদর্শন করে ওয়াসাকে দ্রুততম সময়ে খাল সচল করতে নির্দেশ

দিয়েছেন। এলাকাবাসীর অভিযোগ, বর্তমানে
'জয়নগর ফ্ল্যাট স্কিম' আবাসন প্রকল্পের নামে এ
খাল দখল চলছে। গৃহসংস্থান কর্তৃপক্ষের নেওয়া প্রকল্পের কারণে ঢাকা ওয়াসার এ খালটি
সঙ্কুচিত হয়ে যাচ্ছে।